দৈনিক ইত্তেফাক

তারিখ 05 NOV 1991
পৃষ্ঠা ১১ কলাম ৫

০৪৬৭

# শিক্ষা প্রশাসনে শৃংখলা প্রতিষ্ঠার উপর গুরুত্ব আরোপ

শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান দেশের শিক্ষা প্রশাসনে শৃঙ্খলা ফিরাইয়া আনার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাদের প্রতি আহ্বান জানাইয়াছেন। প্রতিমন্ত্রী গতকাল তাহার কার্যালয়ে বাংলাদেশ উপজেলা শিক্ষা কর্মকর্তা সমিতির নেতৃবৃন্দের উদ্দেশে বক্তৃতা করিতেছিলেন। শিক্ষা মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাগণ এই সময় উপস্থিত ছিলেন।

শিক্ষা প্রতিমন্ত্রী বলেন, বর্তমান সরকার সমাজ জীবনের প্রতিটি ক্ষেত্রে শৃঙ্খলা প্রতিষ্ঠার মাধ্যমে দুর্নীতির মূলোৎপাটনে বদ্ধ পরিকর। তিনি বলেন, শিক্ষা ব্যবস্থার গুণগত মান উন্নয়নের স্বার্থে এ বিভাগের কর্মকর্তাদেরকে অধিকতর দায়িত্বশীলতা নিষ্ঠার সাথে কাজ করিতে হইবে। প্রতিমন্ত্রী উপজেলা শিক্ষা কর্মকর্তাদের বিভিন্ন যুক্তিসংগত দাবী-দাওয়া পর্যায়ক্রমে বাস্তবায়নের আশ্বাস দেন। তথ্য বিবরণী।